



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ত/পিআর/০৩/

তারিখ: ৫ মে, ২০১৯

প্রেসবিজ্ঞপ্তি

আজ ৫ মে, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। সকাল ১০টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের পাশের টিলার পাদদেশে জামরুলের চারা রোপণ করেন।

এসময় ভাইস চ্যান্সেলর বলেন, আমরা ক্যাম্পাসে প্রচুর গাছ লাগাতে চাই। তবে এখন থেকে ফলদ গাছ বেশি লাগানো হবে যাতে আমাদের শিক্ষার্থীরা প্রচুর ফল খেতে পারে। ফলদ গাছ বৃদ্ধি পেলে ক্যাম্পাসে পাখির আগমন বৃদ্ধি পাবে, পরিবেশ আরো সুন্দর হবে এবং পুরো ক্যাম্পাস একটি সবুজ চত্বর হবে। তিনি বলেন, আমি ইতোমধ্যে মাননীয় পরিবেশ, বন ও জলবায়ু বিষয়ক মন্ত্রীর সাথে কথা বলেছি। তিনি সিলেটের বন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের শাবিপ্রবির জন্য আলাদা প্রকল্প তেরির জন্য নির্দেশ দিয়েছেন। আমরা তা ফলোআপ করছি।

বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, স্কুল অব সোস্যাল সায়েন্সের ডিন প্রফেসর ড. ফয়সল আহমেদ, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারের সায়েন্সের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দীন, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক প্রফেসর মো. আনোয়ার হোসেন, ফরেস্ট্রি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এ জেড এম মঞ্জুর রশীদ, শাহপরাণ হলের প্রভোস্ট প্রফেসর ড. মিজানুর রহমান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম, সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট ড. আসিফ ইকবাল, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এবার প্রায় দশ হাজার ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা ক্যাম্পাসে রোপণ করা হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার